

**স্টামফোর্ডে শিক্ষী  
বিষয়ে কর্মশালা**

স্টামফোর্ড ইউনিভার্সিটি বাংলাদেশে 'মানসম্পন্ন শিক্ষার জন্য সচেতনতা বৃদ্ধি' শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গত রবিবার বিশ্ববিদ্যালয়ের প্রধান কার্যালয়ে ইংরেজি বিভাগের উদ্যোগে এর আয়োজন করা হয়। কর্মশালায় সভাপতিত্ব করেন স্টামফোর্ড ইউনিভার্সিটির ইংরেজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক সৈয়দ আনোয়ারুল হক। তিনি বলেন, 'ইউজিসির' উদ্যোগে বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রম উন্নয়নের যে প্রচেষ্টা নেওয়া হয়েছে তাতে বাংলাদেশের উচ্চশিক্ষায় গুণগত পরিবর্তন অবশ্যই আসবে। কর্মশালায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন ইউজিসির কর্মকর্তা অধ্যাপক এস এম কবির। কর্মশালায় স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের এসএসির প্রধান মেহজাবীন রহমান। সংবাদ বিজ্ঞপ্তি।